# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

## Daily Live Exam Bangla Literature-03

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

নিচের কোন সাহিত্যে প্রাচীন হিন্দু ও আগত মুসলিম সংস্কৃতির চমৎকার মিথস্ক্রিয়া লক্ষ করা যায়?

A কবিগান

B টপ্পাগান

C মৈমনসিংহ গীতিকা ✔

D মঙ্গলকাব্য

**Solution:**
বৃহত্তর ময়মনসিংহের ব্রহ্মপুত্র নদের পূর্বাংশে নেত্রকোণা, কিশোরগঞ্জ জেলার হাওর, বিল, নদ-নদী প্লাবিত ভাটি অঞ্চলে যে গীতিকা বিকশিত হয়েছিল তা 'মৈমনসিংহ গীতিকা' নামে পরিচিত। ড. দীনেশচন্দ্র সেনের আগ্রহে ও স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের পৃষ্ঠপোষকতায় এ গীতিকাগুলো এ গীতিকাগুলো সংগ্রহ করেন চন্দ্রকুমার দে। এ পালাগুলোর মধ্যে সাম্প্রদায়িক কোনো সংঘাতের পরিচয় নেই। বরং সেখানে প্রবীণ হিন্দু ও আগত মুসলিম (ফারসি/উর্দু) সংস্কৃতির মিথস্ক্রিয়া বিদ্যমান।

Question 2

চন্দ্রাবতী কে?

A মহাভারতের বাংলা অনুবাদক

B বাংলা সাহিত্যের প্রথম প্রাবন্ধিক

C লোকসাহিত্য সংগ্রাহক

D বাংলা সাহিত্যের প্রথম নারী কবি ✔

**Solution:**
'চন্দ্রবতী' বাংলা সাহিত্যের প্রথম নারী কবি। তিনি 'মনসামঙ্গল' কাব্যের কবি দ্বিজ বংশীদাসের কন্যা। রামায়ণের প্রথম মহিলা অনুবাদকও ছিলেন কবি চন্দ্রাবতী।

Question 3

মৈমনসিংহ গীতিকা নয়-

- A মহুয়া
- B মলুয়া
- C কঙ্ক ও লীলা
- D কাফন চোরা ✔

**Solution:**
মহুয়া (রচয়িতা : দ্বিজ কানাই), মলুয়া (রচয়িতা : চন্দ্রাবতী [অনুমান]) এবং চন্দ্রাবতী (রচয়িতা: নয়ানচাঁদ ঘোষ)-এ কঙ্ক ও লীলা ইত্যাদি, মৈমনসিংহ গীতিকা। কাফন চোরা হলো পূর্ববঙ্গ গীতিকা।

Question 4

উল্লিখিত কোন রচনাটি পুথি সাহিত্যের অন্তর্গত নয়?

- A পূর্ববঙ্গ গীতিকা ✔
- B ইউসুফ জোলেখা
- C পদ্মাবতী
- D লাইলী মজনু

**Solution:**
'পূর্ববঙ্গ গীতিকা' লোকসাহিত্যের অন্তর্গত। পুথি সাহিত্যের অন্তর্গত ইউসুফ জোলেখা, পদ্মাবতী ও লায়লী মজনু কাব্যের রচয়িতা যথাক্রমে ফকির গরীবুল্লাহ, আলাওল ও দৌলত উজির বাহরাম খান। উল্লেখ্য, ইউসুফ জোলেখা নামে শাহ মুহম্মদ সগীর এবং আবদুল হাকিমও কাব্য রচনা করেন।

Question 5

এন্টনি ফিরিঙ্গি কোন জাতীয় সাহিত্যের রচয়িতা?

A. কবিগান ✔

B. পুথি সাহিত্য

C. নাথ সাহিত্য

D. টপ্পা গান

**Solution:**
এন্টনি ফিরিঙ্গি কবিগান রচয়িতা হিসেবে খ্যাতি অর্জন করেন। মধ্যযুগের বাংলা সাহিত্যের সুবিশাল পরিসরের শেষ পর্যায়ে কবিগানের উদ্ভব ঘটেছিল। তখন মুসলমানরা পুথি সাহিত্য এবং হিন্দুরা কবিগান রচনায় মনোনিবেশ করেছিল।

Question 6

## পুথি সাহিত্যের প্রথম সার্থক ও জনপ্রিয় কবি কে?

A. শেখ ফয়জুল্লাহ

B. ফকির গরীবুল্লাহ ✔

C. দৌলাত কাজী

D. সৈয়দ সুলতান

**Solution:**
পুথি সাহিত্যের প্রথম সার্থক ও জনপ্রিয় কবি ফকির গরীবুল্লাহ। মিশ্র ভাষারীতিতে তার রচিত কাব্যগুলো হচ্ছে- ইউসুফ জোলেখা, আমির হামজা (প্রথম অংশ), জঙ্গনামা, সোনাভান এবং সত্যপীরের পুথি।

Question 7

## নিচের কোন ব্যক্তি ‘বুদ্ধির মুক্তি’ আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন না?

A. কাজী আবদুল ওদুদ

B. আবুল মনসুর আহমদ ✔

C. আবুল ফজল

D. আবদুল কাদির

**Solution:**
ড. মুহম্মদ শহীদুল্লাহর সভাপতিত্বে ১৯২৬ সালে ১৯ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'মুসলিম সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয়। এ সংগঠনের মূলমন্ত্র ছিল 'বুদ্ধির মুক্তি আন্দোলন'। এ আন্দোলনে জড়িত অন্যতম ব্যক্তিরা হলেন কাজী আবদুল ওদুদ, আবুল ফজল, আবদুল কাদির। আবুল মনসুর আহমদ খেলাফত আন্দোলন, অসহযোগ আন্দোলন ও স্বরাজ আন্দোলনের সাথে যুক্ত ছিলেন।

Question 8

ইয়ংবেঙ্গল কী?

A বাংলা অঞ্চলে বসবাসরত ইংরেজ

B ইংরেজি ভাবধারা পুষ্ট বাঙালি যুবক ✔

C একটি সাহিত্যিক গোষ্ঠীর নাম

D একটি সাময়িক পত্রের নাম

**Solution:**
হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও ছিলেন হিন্দু কলেজের একজন শিক্ষক এবং 'ইয়ংবেঙ্গল' আন্দোলনের প্রবক্তা। ইংরেজি ভাবধারা পুষ্ট মুক্তচিন্তায় বিশ্বাসী ডিরোজিওর বাঙালি শিষ্যরাই 'ইয়ং বেঙ্গল' নামে পরিচিত। ১৮৩১ সালে ইয়ং বেঙ্গলের প্রকাশ্য আত্মঘোষণা করা হয়। 'ইয়ংবেঙ্গল' গোষ্ঠীর মুখপত্ররূপে 'এনকোয়েরার', 'জ্ঞানান্বেষণ' প্রভৃতি পত্রিকা প্রকাশিত হয়।

Question 9

ফোর্ট উইলিয়াম কলেজের মূল অবদান রয়েছে-

A বাংলা গদ্য সাহিত্য বিকাশে ✔

B ইংরেজদের বাংলা ভাষা শিক্ষার জন্য

C ঔপনিবেশিক শাসন প্রতিষ্ঠা

D বাঙালিদের ইংরেজি ভাষা শিক্ষার জন্য

**Solution:**
ফোর্ট উইলিয়াম কলেজ ১৮০০ সালের ৪ মে প্রতিষ্ঠিত হয়। তৎকালীন ব্রিটিশ অফিসারদের বাংলা ভাষা শিক্ষা দেওয়ার জন্য ১৮০১ সালে এ কলেজে বাংলা বিভাগ খোলা হয়। বাংলা বিভাগের প্রধান ছিলেন অধ্যক্ষ উইলিয়াম কেরি। বাংলা গদ্য সাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান অনস্বীকার্য।

Question 10

কোনটি রামরাম বসুর লেখা?

A লিপিমালা ✔

B বত্রিশ সিংহাসন

C হিতোপদেশ

D তোতা ইতিহাস

**Solution:**
ফোর্ট উইলিয়াম কলেজের পণ্ডিত ‘কেরি সাহেবের মুনশী’ নামে পরিচিত রামরাম বসুর লেখা গ্রন্থ হলো ‘লিপিমালা’। হিতোপদেশ ও বত্রিশ সিংহাসন গ্রন্থ লেখেন মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার। তোতা ইতিহাস গ্রন্থটির লেখক হলেন চণ্ডীচরণ মুনশী।

Question 11

বাঙালি লেখক হিসেবে প্রথম ব্যাকরণ রচনা করেন কে?

A ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

B হুমায়ুন আজাদ

C ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

D রাজা রামমোহন ✔

**Solution:**
১৮২৬ সালে রাজা রামমোহন রায় ইংরেজিতে বাংলা ব্যাকরণ লেখেন। এরপর তিনি স্কুল বুক সোসাইটির জন্য ঐ গ্রন্থ বাংলায় অনুবাদ করে নাম দেন ‘গৌড়ীয় ব্যাকরণ’ যা প্রকাশ হয় ১৮৩৩ সালে। আর এ গ্রন্থটি বাংলা ভাষায় প্রকাশিত প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থ।

Question 12

মধ্যযুগ-আধুনিক যুগের ‘সন্ধিক্ষণের কবি’ কাকে বলা হয়?

A কায়কোবাদকে

B ভারতচন্দ্র রায়কে

C ঈশ্বরচন্দ্র গুপ্তকে ✔

D দৌলত কাজীকে

**Solution:**
মধ্য-আধুনিক যুগের ‘সন্ধিক্ষণের কবি’ বলা হয় ঈশ্বরচন্দ্র গুপ্তকে। তার রচনায় মধ্যযুগের কাব্য বৈশিষ্ট্য ও আধুনিক যুগের সূচনা বৈশিষ্ট্য সমানভাবে লক্ষ্য করা যায় বলে মূলত তাকে ‘যুগসন্ধিক্ষণের কবি’ বলা হয়।

Question 13

‘আমীর হামজা’ কাব্যের শেষাংশের রচয়িতা কে?

A ফকীর গরীবুল্লাহ

B সৈয়দ হামজা ✔

C মোহাম্মদ দানেশ

D আব্দুল হাকিম

**Solution:**
‘মধুমালতী’ কাব্যটি রচনা করেন সৈয়দ হামজা। তিনি ছিলেন ফকীর গরীবুল্লাহর অনুসারী। তাঁর রচিত কাব্য: হাতেম তাই, জৈয়গুনের পুথি, আমীর হামজা কাব্যের শেষাংশ।

Question 14

কোন গীতিকায় মাতৃতান্ত্রিক সমাজের বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে?

A নাথগীতিকা

B মৈমনসিংহ গীতিকা ✔

C পূর্ববঙ্গ গীতিকা

D কোনটিই নয়

**Solution:**
বৃহত্তর ময়মনসিংহের সাধারণ জনসমাজ কোচ, গারো, হাজং, রাজবংশী প্রভৃতি মাতৃতান্ত্রিক উপজাতি দ্বারা গঠিত। এই মাতৃতান্ত্রিক সমাজের বৈশিষ্ট্য মৈমনসিংহ গীতিকায় প্রতিফলিত হয়েছে। এই সমাজে নারীর স্বাধীন প্রেমের যে স্বীকৃতি রয়েছে তার অনুসরণে গীতিকাগুলোর নারী চরিত্রের রূপায়ণ লক্ষ করা যায়।

Question 15

কবি গানের রচয়িতা ছিল–

A. নিম্নবর্ণের হিন্দু ✔

B. উচ্চবর্ণের হিন্দু

C. সহজিয়া বৌদ্ধ

D. ভারতে বসবাসকারী ইংরেজরা

**Solution:**
কবিগান এমন এক ধরনের প্রতিযোগিতামূলক গান, যা তাৎক্ষণিকভাবে রচিত ছড়া ও গানের মাধ্যমে দুই দল গায়ককে প্রথমে পালাক্রমে এবং শেষে সম্মিলিতভাবে পরিবেশন করতে হয়।
সাধারণত **নিম্নবর্ণের হিন্দুরা** কবিগানের রচয়িতা ছিল। সে কারণে হিন্দু সমাজে তাদেরকে **কবিওয়ালা** বলা হতো। কবিগানের মুসলিম রচয়িতাদের বলা হয় শায়ের।

Question 16

লোকসাহিত্যের কোন ধারাটি মানুষের দীর্ঘকালের অভিজ্ঞতার প্রকাশভঙ্গি?

A. ধাঁধা

B. প্রবাদ ✔

C. ছড়া

D. গীতিকা

**Solution:**
'প্রবাদ' লোকসাহিত্যের অন্যতম বিশিষ্ট শাখা। প্রবাদ বলতে বোঝায় মানুষের দীর্ঘকালের অভিজ্ঞতার একটি সংক্ষিপ্ত অভিব্যক্তি। ব্যক্তি বা সমাজজীবনের অভিজ্ঞতার ফলে প্রবাদের সৃষ্টি এবং নীতি ও উপদেশ বিতরণ এর লক্ষ্য। জীবনের বিচিত্র পরিসরে মানুষ বিভিন্ন বিষয়ে যে অভিজ্ঞতা লাভ করে থাকে পরবর্তী পর্যায়ে কাজে লাগানোর জন্য স্বল্প অবয়বে প্রবাদের সৃষ্টি করা হয়েছে। যেমন:
**"নানান বরণ গাভীরে ভাই একই বরণ দুধ,**
**জগৎ ভরমিয়া দেখলাম একই মায়ের পুত।"**

Question 17

ইয়ংবেঙ্গল গোষ্ঠীভুক্ত কে ছিলেন?

A. অক্ষয়কুমার দত্ত

B. এন্টনি ফিরিঙ্গি

C. মধুসূদন দত্ত ✔

D কালীপ্রসন্নসিংহ ঠাকুর

**Solution:**
হিন্দু কলেজের তরুণ শিক্ষক ডিরোজিওর (১৮০৯-১৮৩১) শিষ্যরাই মূলত ইয়ংবেঙ্গল নামে পরিচিত। ইয়ংবেঙ্গল হিসেবে যে নামগুলো পাওয়া যায় তা হলো যথাক্রমে- দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, রামতনু লাহিড়ী, প্যারীচাঁদ মিত্র, রাধানাথ শিকদার, রামগোপাল ঘোষ, হরচন্দ্র ঘোষ, শিবচন্দ্র দেব, তারাচাঁদ চক্রবর্তী, কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়, মহেশচন্দ্র ঘোষ, রসিককৃষ্ণ মল্লিক, গঙ্গাচরণ বন্দ্যোপাধ্যায়, মাধবচন্দ্র মল্লিক, গোবিন্দচন্দ্র বসাক, অমৃতলাল মিত্র প্রমুখ। আর মধুসূদন দত্ত ছিলেন ইয়ংবেঙ্গল গোষ্ঠীভুক্ত একজন।

Question 18

বাংলা সাহিত্যের ইতিহাসে প্রথম সাহিত্যিক গদ্যের স্রষ্টা কে?

A রামরাম বসু

B ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ✔

C উইলিয়াম কেরী

D বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

**Solution:**
বাংলা ভাষা ও সাহিত্যের বিবর্তনের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১)। বাংলা গদ্যের ইতিহাসে সাহিত্যিক গদ্যের সূত্রপাত বিদ্যাসাগরের হাতেই হয়েছে। বিদ্যাসাগর বাংলা সাধুভাষার গদ্যরীতিকে পূর্ণাঙ্গ রূপ দান করেন। জড়তা ও দুর্বধ্যতা মুক্ত হয়ে সাহিত্যের ভাষা হিসেবে বাংলা গদ্য প্রথমবারের মতো তার প্রথম মুদ্রিত গ্রন্থ ‘বেতাল পঞ্চবিংশতি’ (১৮৪৭) তে প্রকাশ পায়। তার প্রদর্শিত পথ অনুসরণ করে পরবর্তীকালে সাহিত্যিক গদ্য বিচিত্র রূপে ক্রমপরিণতির পর্যায়ে উন্নীত হয়। তাই রবীন্দ্রনাথ ঠাকুরের মতে, ‘বিদ্যাসাগর বাংলা ভাষার প্রথম শিল্পী এবং তাঁহার প্রধান কীর্তি বঙ্গভাষা’। অন্যদিকে, বাংলা গদ্যরীতিকে পাঠ্যপুস্তকের বাইরে সর্বপ্রথম ব্যবহার করেন রাজা রামমোহন রায় (১৭৭২-১৮৩৩)। মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ফোর্ট উইলিয়াম কলেজের প্রধান পণ্ডিত এবং সর্বাধিক ৫টি বইয়ের রচয়িতা ছিলেন। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪) বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস রচয়িতা।

Question 19

ড. দীনেশচন্দ্র সেনের সম্পাদনায় ‘পূর্ববঙ্গ গীতিকা’ কত সালে প্রকাশিত হয়?

A ১৯২৩

B ১৯২৬ ✔

C ১৯২৮

D ১৯২৭

**Solution:**
পূর্ববঙ্গ অঞ্চলের প্রচলিত লোকসাহিত্যকে একত্রে পূর্ববঙ্গ গীতিকা বলা হয়। ১৯২৬ সালে ডক্টর দীনেশচন্দ্র সেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অর্থ সাহায্যে পালাগুলো সম্পাদনা করে প্রকাশ করেন এবং চন্দ্রকুমার দে তা সংগ্রহ করেন। পরে ১৯৭১-১৯৭৫ সালে ক্ষিতীশচন্দ্র মৌলিক ও সাত খণ্ডে প্রাচীন পূর্ববঙ্গ গীতিকা প্রকাশ করেন।

Question 20

কেরী সাহেবের মুন্সী বলা হয় কাকে?

A মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার

B রামরাম বসু ✔

C চণ্ডীচরণ মুন্সী

D প্রমথনাথ বিশি

**Solution:**
রামরাম বসু কর্তৃক ১৮০১ সালে রচিত 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' বাংলা ভাষায় প্রথম মুদ্রিত মৌলিক গ্রন্থ। তিনি উইলিয়াম কেরিকে বাংলা শিখিয়েছিলেন, তাই তাকে 'কেরি সাহেবের মুন্সী' বলা হয়।

Question 21

ময়মনসিংহ গীতিকা বিশ্বের কতটি ভাষায় অনূদিত হয়েছে?

A ১১টি

B ১৭টি

C ২৩টি ✔

D ২৯টি

**Solution:**
'ময়মনসিংহ গীতিকা' ২৩টি ভাষায় অনূদিত। ড. দীনেশচন্দ্র সেন এর সম্পাদনায় কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে 'ময়মনসিংহ গীতিকা' প্রকাশিত হয়। এটি বিশ্বের ২৩ টি ভাষায় অনূদিত হয়।

Question 22

রবীন্দ্রনাথ ঠাকুর লোকসাহিত্যের কোন ধারাকে মেঘের সঙ্গে তুলনা করেছেন?

A প্রবাদ

B ছড়া ✔

C ধাঁধা

D গীতিকা

**Solution:**
রবীন্দ্রনাথ 'লোকসাহিত্য' গ্রন্থে ছড়ার বৈশিষ্ট্য সম্পর্কে বলেছেন, আমি ছড়াকে মেঘের সহিত তুলনা করিয়াছি। উভয়েই পরিবর্তনশীল, বিবিধ বর্ণে রঞ্জিত , বায়ুস্রোতে যদৃচ্ছা ভাসমান্ দেখিয়া মনে হয় নিরর্থক। ছড়াও কলাবিচার-শাস্ত্রের বাহিরে, মেঘবিজ্ঞানও শাস্ত্র নিয়মের মধ্যে ভাল করিয়া ধরা দেয় নাই। অথচ জড়জগতে এবং মানবজগতে এই দুই উচ্ছৃঙ্খল অদ্ভুত পদার্থ চিরকাল মহৎ উদ্দেশ্য সাধন করিয়া আসিতেছে। মেঘ বারিধারায় নামিয়া আসিয়া শিশু-শস্যকে প্রাণদান করিতেছে এবং ছড়াগুলিও স্নেহরসে বিগলিত হইয়া কল্পনা-বৃষ্টিতে শিশু-হৃদয়কে উর্বর করিয়া তুলিতেছে।

Question 23

ময়মনসিংহ গীতিকার অন্তর্ভুক্ত 'মহুয়া' পালাটির রচয়িতা-

A দ্বিজ কানাই ✔

B মনসুর বয়াতি

C নয়ানচাঁদ ঘোষ

D কবিকঙ্কণ

**Solution:**
মহুয়া ময়মনসিংয়ের পূর্বাঞ্চল থেকে সংগৃহীত একটি পালা গান। দ্বিজ কানাই প্রণীত এই পালা চন্দ্রকুমার দে সংগ্রহ করেন এবং পরবর্তীতে তা ময়মনসিংহ গীতিকায় অন্তর্ভুক্ত হয়।

Question 24

যুগসন্ধিকালের ব্যাপ্তি-

A ১৭০০-১৮০০

B ১৭৬০-১৮৬০ ✔

C ১৭৩০-১৮৩০

D ১৭৪০-১৮৪০

**Solution:**
১৭৬০-১৮৬০ খ্রিষ্টাব্দকে (মধ্যযুগের শেষ এবং আধুনিক যুগের শুরু) বাংলা সাহিত্যের যুগসন্ধিক্ষণ হিসেবে চিহ্নিত করা হয়। যুগসন্ধিক্ষণকে কেউ কেউ অবক্ষয় যুগ বলে অভিহিত করেছেন। এ সময়ে কবিগান, পুথিসাহিত্য, টপ্পাগান, পাঁচালীর প্রচলন হয়। উল্লেখ্য যে, যুগসন্ধিকালের কবি হিসেবে ঈশ্বরচন্দ্র গুপ্ত বহুল পরিচিত।

Question 25

পাঁচালী গানের শক্তিশালী কবি-

A শ্রীধর কথক

B কালী মির্জা

C নিধু বাবু

D দাশরথি রায় ✔

**Solution:**
কবিগানের যুগে পাঁচালী গান নামে এক ধরনের গান প্রচলিত ছিল এবং এই ধারায় দাশরথি রায় (১৮০৬-৫৭) শক্তিশালী কবি হিসেবে প্রতিষ্ঠা পান।

Question 26

বাংলায় লোকসাহিত্য গবেষক হিসেবে পরিচিত নয় কে?

A মোহাম্মদ মনসুর উদ্দিন বয়াতি

B ড. দীনেশচন্দ্র সেন

C ড. মাযহারুল ইসলাম

D ড. কাজী দীন মুহাম্মদ ✔

**Solution:**
'Folklore' শব্দের বাংলা প্রতিশব্দ 'লোকসাহিত্য'। জনসাধারণের মুখে মুখে প্রচলিত গাথাকাহিনি, গল্প, গান, ছড়া, গীতিকা, ধাঁধা, প্রবাদ প্রভৃতি লোকসাহিত্যের উপাদান। বাংলায় লোকসাহিত্য গবেষক হিসেবে দীনেশচন্দ্র সেন, ড. মাযহারুল ইসলাম, মোহাম্মদ মনসুর উদ্দিন বয়াতি, ড. আশরাফ সিদ্দিকী প্রমুখ বিশেষ খ্যাতিমান।
প্রশ্নে উল্লিখিত ড. কাজী দীন মুহম্মদ লোকসাহিত্য গবেষক নয়। তিনি একজন ভাষাতত্ত্ববিদ।

Question 27

মৈমনসিংহ গীতিকার কোন পালাটি আলাল-দুলালের পালা হিসেবে পরিচিত?

A মহুয়া

B দেওয়ানা মদিনা ✔

C কমলা

D দেওয়ান ভাবনা

**Solution:**
মৈমনসিংহ গীতিকা শ্রেষ্ঠ পালা গুলোর মধ্যে একটি দেওয়ানা মদিনা। এর লেখক মনসুর বয়াতি।
বানিয়াচঙের দেওয়ান সোনাফরের পুত্র আলাল ও দুলালের বিচিত্র জীবনকাহিনি এবং দুলাল ও গৃহস্থকন্যা মদিনার প্রেম কাহিনি এর মূল বিষয়।
চরিত্র: আলাল, দুলাল, মদিনা, সোনাফর।
'দেওয়ানা মদিনা' পালাকে আলাল-দুলালের পালা হিসেবে অভিহিত করা যায়।

Question 28

কত সালে মোহামেডান লিটারেরি সোসাইটি প্রতিষ্ঠিত হয়?

A ১৮২১ সালে

B ১৮৪১ সালে

C ১৮৫৩ সালে

D ১৮৬৩ সালে ✔

**Solution:**
নওয়াব আব্দুল লতিফ ১৮৬৩ সালে মোহামেডান লিটারেরি সোসাইটি প্রতিষ্ঠা করেন। এটি প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল মুসলমানদের ইংরেজি শিক্ষায় শিক্ষিত করে, স্বাধীন চিন্তাধারার বিকাশ ঘটানো।

Question 29

ফোর্ট উইলিয়াম কলেজে কোনো বিদেশি কর্তৃক রচিত প্রথম গ্রন্থ কোনটি?

A তোতা ইতিহাস

B কথোপকথন ✔

C লিপিমালা

D বোধোদয়

**Solution:**
ফোর্ট উইলিয়াম কলেজের বিদেশি পণ্ডিত ছিলেন উইলিয়াম কেরি। তার রচিত গ্রন্থ ‘কথোপকথন’।

Question 30

## নিম্নের কে কবিয়াল নন?

A. কৃষ্ণচন্দ্র চর্মকার

B. নিত্যানন্দ দাস বৈরাগী

C. ভবানী বেনে

D. রামতনু লাহিড়ী ✔

**Solution:**
আঠারো শতকের মাঝামাঝি থেকে আরম্ভ করে উনিশ শতকের প্রায় মধ্যভাগ পর্যন্ত কবিওয়ালাদের কাল। কবিওয়ালাদের অন্তর্ভুক্ত নাম- কেষ্টা মুচির প্রকৃত নাম ছিল কৃষ্ণচন্দ্র চর্মকার। নিতাই বৈরাগী বা নিত্যানন্দ দাস বৈরাগী (১৭৫৪-১৮২১) কবিওয়ালা হিসেবে সারা দেশে বিশেষ খ্যাতি লাভ করেছিলেন। রামতনু লাহিড়ী ছিলেন ইয়ংবেঙ্গল গোষ্ঠীভুক্ত একজন।

Back